বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪৫

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

"কুড়িগ্রাম জেলার মধ্য দিয়ে প্রবাহিত দুধকুমার নদী ব্যবস্থাপনা ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পটির নদী তীর সংরক্ষণ কাজের ২টি প্যাকেজের (দুধকুমার/ডব্লিউ-২১ এবং দুধকুমার/ডব্লিউ-২২) ডিপিপির নির্ধারিত স্থানের পরিবর্তে প্রকল্প এলাকার অধিক ঝুঁকিপূর্ণ স্থানে স্থানান্তর, কারিগরি কমিটির প্রতিবেদনের প্রেক্ষিতে অতিরিক্ত ভূমি অধিগ্রহণ অন্তর্ভুক্তিকরণসহ নতুনভাবে ভাঙ্গন কবলিত স্থানসমূহে স্থায়ীভাবে নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের জন্য ডিপিপি সংশোধনের নিমিত্তে নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রঃনং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব সাফাত মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী, পরিকল্পনা এর দপ্তর বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মো: মনিরুল ইসলাম, উপ-পরিচালক (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রধান পানি ব্যবস্থাপনা (কমি.ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | নির্বাহী প্রকৌশলী (পুর), কুড়িগ্রাম পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুড়িগ্রাম। | সদস্য-সচিব |

<u>কমিটির কার্যপরিধি (Terms of Reference, ToR)</u> :

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরূপণ তথা উদ্যোগ গ্রহণ করবেন;

খ) পূর্বোক্ত কারিগরি কমিটি কর্তৃক সুপারিশসমূহ সাম্প্রতিক তথ্য-উপাত্তের ভিত্তিতে রিভিউ পূর্বক প্রকল্পটির নদী তীর সংরক্ষণ কাজের ২টি প্যাকেজের (দুধকুমার/ডব্লিউ-২১ এবং দুধকুমার/ডব্লিউ-২২) ডিপিপির নির্ধারিত স্থানের পরিবর্তে প্রকল্প এলাকার অধিক ঝুঁকিপূর্ণ স্থানে স্থানান্তর ও অতিরিক্ত ভূমি অধিগ্রহণ অন্তর্ভুক্তিকরণসহ নতুনভাবে ভাঙ্গন কবলিত স্থানসমূহে স্থায়ীভাবে নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের জন্য ডিপিপি সংশোধনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ প্রকৃতিভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবে;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব বিবেচনায় নিয়ে সাম্প্রতিক

তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রয়োজনীয় কার্য সম্পাদনা এবং প্রস্তাবিত কাজটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা, সে বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবে;

ঘ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করবেন;

ঙ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সর্ম্পকিত মতামত প্রদান করবেন;

চ) বিবিধ।

০২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

০৩। পরিকল্পনা বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয় হতে জারীকৃত ডিপিপি প্রণয়ন/সংশোধন বিষয়ক **"সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা, ২০২২ খ্রি."** অথবা সর্বশেষ প্রকাশিত নির্দেশিকার আলোকে নির্ধারিত সমীক্ষা/কারিগরি প্রতিবেদন ফরম্যাট অনুসরন করে প্রতিবেদন প্রস্তুত করবেন।

০৪। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ০৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।
২। জনাব সাফাত মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী, পরিকল্পনা এর দপ্তর বাপাউবো, ঢাকা।
৩। জনাব মো: মনিরুল ইসলাম, উপ-পরিচালক (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রধান পানি ব্যবস্থাপনা (কমি.ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী (পুর), কুড়িগ্রাম পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কুড়িগ্রাম।

০৬-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব )
০২২২২২৩০০৪১
adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪৫/১ (১১)

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৬ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (পুর), উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৫। পরিচালক (ভূমি ও রাজস্ব), ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১১। দপ্তর কপি।

০৬-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ডায়েরী নং ৬৬১৬ তারিখঃ ১০/৮/২৫
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১০/০৮/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।